
সোমবার

উত্তরাঞ্চলের সর্বাধিক প্রচারিত দৈনিক সানশাইন

www.dailysunshine.com.bd · ভালো কাজে, সবার সাথে · fb.com/thedailysunshine

রেজি নং- রাজ-৬৭ ● ৩৪তম বর্ষ ● ১৪০ সংখ্যা ● ৪ পৃষ্ঠা ● ০৭ অগ্রাহয়ণ ১৪২৮ ● ১৬ রবিউস সানি ১৪৪৩ ● ২২ নভেম্বর ২০২১ ● মূল্য ৩ টাকা

**করোনা আপডেট**



**বিশ্ব**
মোট আক্রান্ত ২৫৭,৫৭৮,৯৫৬
মোট মৃত্যু ৫,১৬৬,৩৬৩

**বাংলাদেশ**
২৪ ঘন্টায় আক্রান্ত ১৯৯
মোট আক্রান্ত ১,৫৭৪,০৮৮
মোট মৃত্যু ২৭,৯৫৩

**রাজশাহী বিভাগ**
মোট আক্রান্ত ৯৯,১১৭
মোট মৃত্যু ১,৬৭০

**বিনোদন প্রতিদিন**



সায়নী ঘোষ গ্রেফতার

পড়ুন ২ এর পাতায়

# বাউবি'র দীক্ষা

## ড. মেজবাহ উদ্দিন তুহিন




দেশমাতৃকার উন্নয়নে শিক্ষায় উন্নত বাংলাদেশ সৃজন এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বাউবি কাজ করছে। সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা এই নবতর দীক্ষা নিয়ে বাউবি বর্তমানে এগিয়ে যাচ্ছে। বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বাউবি পরিবারকে নিষ্ঠা,সততা ও গভীর আত্মত্যাগে কাজ করার আহব্বান জানান। ক্ষুদ্র নৃগোষ্ঠী, তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, পিছিয়েপড়া নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বাউবি'র শিক্ষা সেবা পৌছে দিয়ে তাদেরকে শিক্ষার মহাসোপানে ফিরিয়ে এনে কর্মমুখী শিক্ষায় দক্ষতা বৃদ্ধি করে জনশক্তিকে জনসম্পদে রূপান্তর বাউবি'র অঙ্গীকার।

শিক্ষার সাথে কর্মসংস্ংস্থানের যোগসাজেশ তৈরির লক্ষ্যে ২৯ বছর আগে ১৯৯২ সালের ২১অক্টেবর জাতীয় সংসদের এক অনুমোদিত আইন বলে প্রতষ্ঠিত হয় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। মেধাবী হওয়া সত্বেও সময় ও সুযোগের অভাবে যারা নিয়মিত প্রতিষ্ঠানে গিয়ে পড়তে পারছেন না বাউবি তাদের উপযোগী করেই শিক্ষা কাঠামো তৈরি করেছে। ভৌগোলিক সীমারেখা ছাড়িয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন ও মিডিয়া ভিত্তিক শিক্ষা কার্যক্রম দেশে ও বিদেশে ব্যাপক বিস্তৃতি লাভ করেছে। আধুনিক তথ্যপ্রযুক্তি ও লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেমকে কাজে লাগিয়ে দক্ষ জনশক্তি গঠন, মানব সম্পদ তৈরি, নারী শিক্ষার প্রসার ও পেশাগত শিক্ষার প্রয়োজনে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে বাউবি নিরলস কাজ করে যাচ্ছে।

এই বিশ্ববিদ্যালয় প্রযুক্তি নির্ভর শিক্ষাকার্যক্রম চালু থাকায় বাউবির শিক্ষাব্যবস্থাপনায় গুরুত্বপূর্ন পরিবর্তন এসেছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এখন তথ্য ও প্রযুক্তিতে স্বংয়সম্পন্ন একটি শিক্ষা প্রতিষ্ঠান। পৃথিবীর যেকোন প্রান্ত থেকে অনলাইনের মাধ্যমে ভর্তি, রেজিস্ট্রেশন, পরীক্ষার ফল প্রকাশ, ই-বুক, ফেইসবুক, ইউটিউব, টুইটার, ওপেন বাংলা ওয়েব টিভি, ওপেন বাংলা ওয়েব রেডিও, বাউবি টিউব, বাউবি অ্যাপস ও ই প্ল্যাটফর্মের মাধ্যমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এখন বিশ্বব্যাপী প্রযুক্তি বান্ধব শিক্ষাধারা গড়ে তুলেছে। শিক্ষা প্রোগ্রামের কোয়ালিটি নিশ্চিতকরণের লক্ষ্যে চালু করা হয়েছে কোয়ালিলি অ্যাসুরেন্স সেল। রয়েছে আইসিটি ভিত্তিক গবেষণা কার্যক্রম।

বিদেশে অবস্থানরত বাঙালি জনগোষ্ঠীর মাঝে শিক্ষাসেবা বিস্তরনে জন্য সৌদিআরব, কাতার এবং দক্ষিণ কোরিয়ায় বাউবি'র শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। এছাড়া দুবাই, সিঙ্গাপুর, মালয়েশিয়া এবং যুক্তরাজ্যে বসবাসরত বাংলাদেশীদের জন্য বাউবি শিক্ষা কার্যক্রম চালুর উদ্যোগ নিয়েছে।

বিটিভি ও বেতারের মাধ্যমে পাঠ গ্রহণের পাশাপাশি অনলাইনে ইবুক, ইউটিউবে বিভিন্ন প্রোগ্রামের লেকচার আপলোড থাকায় শিক্ষার্থী এবং আগ্রহী যে কেউ বাউবি'র ওয়েব সাইট থেকে বিনা মূল্যে সেসব ই-বুক ও লেকচার ডাউনলোড করতে পারছে। নিজের সুবিধামত সময়ে, কাজের ফাঁকে, কাজের শেষে, রাতে দিনে যেকোন সময়ে ঘরে অথবা নিজ কর্মস্থলে বসে শিক্ষা লাভের সুযোগ তৈরি করেছে বাউবি। বাউবি'র রয়েছে ইন্টারএকটিভ ভার্চয়াল ক্লাশরুম এবং অডিও ভিডিও কনফারেন্সিং এর সুবিধা, এতে শিক্ষক এবং শিক্ষার্থী একটি নির্দিষ্ট স্থানে ক্লাশ ও মতবিনিময় করতে পারে।

গতিশীলতা ও মানব সম্পদের উন্নয়নে চালু করা হয়েছে এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং, শিক্ষা ব্যবস্থাপনা ষ্টোরেজ ও তথ্য সমৃদ্ধির জন্য ওপেন এডুকেশন রিসোর্স, শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সকলের নিকট দ্রুত তথ্য প্রদানের জন্য রয়েছে মোবাইল এস.এম.এস কমিউনিকেশন সিস্টেম এবং প্রতিষ্ঠানের নিরাপত্তার জন্য আইপি নেটওয়ার্ক। বাউবি'র রয়েছে নিজস্ব মোবাইল অ্যাপস যাতে মোবাইলের প্লে ষ্টোরের মাধ্যমে বাউবি'র তথ্য ও শিক্ষা প্রোগ্রাম সম্পর্কে জানার সুযোগ রয়েছে।

সময়ের চাহিদার সাথে মিল রেখে বউবি নীডবেইজ প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহন করেছে। রয়েছে মাস্টার্স অব ডিজিবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন, মাস্টার্স ইন পাবলিক হেলথ, পোষ্ট গ্রজুয়েট ডিপ্লোমা ইন মেডিক্যাল আলট্রা সাউন্ড, মাস্টার্স অব সায়েন্স ইন এগ্রিকালচারাল সায়েন্সেস, মাস্টার্স ইন সাসটেইনেবল এগ্রিকালচার এন্ড রুর‌্যাল লাইভলিহুড প্রোগ্রাম সহ ৫৭টি প্রেগ্রাম। আইসিটি বেইজ ইংলিশ লার্ণিংও ব্রিটিশ কাউন্সিল এর সহায়তায় ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করেছে। বিভিন্ন বিষয়ের ওপর অনার্স, মাস্টার্স, এম.ফিল ও পিএইচ.ডি প্রেগ্রাম চালু করে বাউবি উচ্চ শিক্ষার ক্ষেত্রেও অবদান রেখে চলেছে। সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যরা কর্মস্থলে থেকে অনলাইন কার্যক্রমের আওতায় বাউবি'র এস.এস.সি ও এইচ.এস.সি. নিশ-১ ও নিশ-২ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে প্রাতিষ্ঠানিক শিক্ষা সুবিধা পাচ্ছে।

মোবাইল ম্যাসেজের মাধ্যমে ভর্তি, রেজিস্ট্রেশনসহ একাডেমিক তথ্য সরবরাহ করা হয়ে থাকে। রয়েছে সার্বক্ষনিক হেল্প লাইন সার্ভিস। বাউবি'র আছে সর্বধুনিক তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ নিজস্ব মিডিয়া সেন্টার সেখানে রয়েছে আত্যাধুনিক স্টুডিও, অত্যাধুনিক গুণগত মানসম্পন্ন এডিটিং প্যানেল। স্থাপিত হয়েছে মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রকল্প এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিডিরেন প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট কানেকটিভিটি সমৃদ্ধকরণে কাজ করে যাচ্ছে। বিভিন্ন বিষয়ে জনগণের সচেতনতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নের লক্ষ্যে বাউবি যুক্ত রেখেছে অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম। যা দেশের উন্নয়ন কর্মধারার সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত।

বাউবি'র দূরশিক্ষণ কার্যক্রম ও তথ্যপ্রযুক্তির শিক্ষা বিশ্ব মানের পর্যায়ে যাচ্ছে। আন্তর্জাতিক পরিমণ্ডলে শিক্ষাক্ষেত্রে লাভ করেছে বিশেষ পরিচিতি। সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচী এবং ডিজিটাল শিক্ষার স্বপ্ন পূরণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অনলাইন শিক্ষার গতিশীল কার্যক্রম প্রান্তিক পর্যায়ে পৌছে দিয়ে অনন্য ভুমিকা পালন করে চলেছে। সরকারের এম. ডি.জি বাস্তবায়নে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যাপক ভূমিকা রেখেছে এবং এস. ডি.জি বাস্তবায়নেও বিশেষ ভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রমের বর্তমান ধারাবাহিকতা অব্যাহত থাকলে দেশ ও জাতি শিক্ষায় স্বয়ংসম্পূর্ণতা লাভ করবে এবং রূপান্তরিত মানব সম্পদ উন্নত দেশ গঠনে সহায়ক হবে। বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বাউবি আরো গতিশীল ভূমিকা রাখবে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গতিময়তা রক্ষা পাবে এই আমাদের প্রত্যাশা।

*লেখক: গবেষক ও কলামিষ্ট, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।*